

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ
প্রশাসন -৫ শাখা (প্রশিক্ষণ)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mof.gov.bd

স্মারক নম্বর: ০৭.০০.০০০০.০০০.১৯০.২৫.০০০৫.২৬.১৭৭

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২৮ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: ৩৭তম “Fiscal Economics and Economic Management (FEEM)” শীর্ষক প্রশিক্ষণ কোর্সে
অংশগ্রহণের জন্য কর্মকর্তা মনোনয়ন।

সূত্র: আইপিএফ এর স্মারক নম্বর: ০৭.০০.০০০০.০০২.২৫.০০২.২৪-৩১৭; তারিখ: ২২ সেপ্টেম্বর ২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে, অর্থ বিভাগের আওতাধীন Institute of Public Finance Bangladesh (IPF) কর্তৃক আয়োজিত 'Fiscal Economics and Economic Management (FEEM)' শীর্ষক ৩৭তম ব্যাচের প্রশিক্ষণ আগামী ০৫ জুলাই, ২০২৬ তারিখ হতে ১০ সপ্তাহব্যাপী আইপিএফ, ১ম ১২তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা-তে অনুষ্ঠিত হবে।

০২। কোর্স সংক্রান্ত তথ্য নিম্নরূপঃ

(ক) প্রশিক্ষণের মেয়াদ ১০ (দশ) সপ্তাহ;

(খ) মোট ৩০ (ত্রিশ) জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হবে;

(গ) FEEM কোর্সের অংশ হিসেবে ভারতের নয়াদিল্লীস্থ IMF-SARTTAC-এ সংযুক্ত থেকে ০৫ (পাঁচ) দিনের আবশ্যিক প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে;

(ঘ) মূল্যায়ন পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রথম ১০ (দশ) জন প্রশিক্ষণার্থীকে ০১ (এক) বছর মেয়াদি বিদেশে উচ্চতর অধ্যয়নে (মাস্টার্স কোর্স) প্রেরণের ব্যবস্থা রয়েছে। যারা ইতোমধ্যে বিদেশে মাস্টার্স/পিএইচডি পর্যায়ে অধ্যয়ন ও ডিগ্রিপ্ৰাপ্ত হয়েছেন তারা এ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন, তবে এ কোর্সের আওতায় বিদেশে উচ্চতর অধ্যয়নের জন্য মনোনীত হবেন না; ও

(ঙ) এ কোর্সটি অনাবাসিক এবং অংশগ্রহণের জন্য কোন ফি প্রদান করতে হবে না। কোর্স সংক্রান্ত যেকোনো তথ্যের জন্য জনাব মোঃ আহসান হাবিব জিতু, উপ-পরিচালক (সিনিয়র সহকারী সচিব), আইপিএফ এর সাথে অফিস চলাকালীন যোগাযোগ করা যাবে (মোবাইল: 01682245355)।

০৩। আবেদনের শর্তসমূহঃ

(ক) সহকারী সচিব, সিনিয়র সহকারী সচিব এবং উপসচিব/সমপর্যায়ের বিসিএস ক্যাডার কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন;

(খ) অর্থনীতি, হিসাব বিজ্ঞান, ব্যবসা প্রশাসন, ব্যবস্থাপনা, ফিন্যান্স, পরিসংখ্যান, গণিত এবং আর্থিক ব্যবস্থাপনা সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রিপ্ৰাপ্ত কর্মকর্তাগণ এ কোর্সের জন্য অগ্রাধিকার পাবেন। অর্থনৈতিক ব্যবস্থাপনা, অর্থ ব্যবস্থাপনা, উন্নয়ন পরিকল্পনা, বাজেটিং, একাউন্টিং এবং অডিটিং বিষয়ে পর্যাপ্ত কর্ম অভিজ্ঞতাসম্পন্ন ও ইংরেজি ভাষায় দক্ষতাসম্পন্ন কর্মকর্তাগণ এ কোর্সের জন্য সবচেয়ে উপযোগী;

(গ) যে সকল কর্মকর্তা ইতোমধ্যে FEEM কোর্সে অংশগ্রহণ করেছেন তারা পুনরায় এ কোর্সে আবেদনের জন্য বিবেচিত হবেন না;

(ঘ) আগামী ২৫ মে, ২০২৬ তারিখে যে সকল কর্মকর্তার বয়স অনূর্ধ্ব ৪৫ বছর শুধুমাত্র তারাই এ কোর্সে আবেদন করতে পারবেন;

(ঙ) আবেদনের সাথে শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট ও মার্কশীটসমূহের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে;


(চ) যথাযথ কর্তৃপক্ষের প্রতিস্বাক্ষরবিহীন, অসম্পূর্ণ ও ত্রুটিযুক্ত আবেদন কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না; ও

(ছ) মনোনয়ন প্রস্তাব পাওয়ার পর অর্থ বিভাগ কর্তৃক চূড়ান্তভাবে মনোনীত কর্মকর্তাগণ এ প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবেন।

০৪। উক্ত কোর্সে অংশগ্রহণের লক্ষ্যে তাঁর দপ্তর হতে আগ্রহী কর্মকর্তাগণের আবেদন নির্ধারিত ফরমে আগামী ২৫ মে, ২০২৬ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় [দু:আ: সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-০৫ শাখা (প্রশিক্ষণ)], বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর সরাসরি অথবা ই-মেইলে (trainingsection.fd2@gmail.com) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। আবেদনের নির্ধারিত ফরম ও বিজ্ঞপ্তির কপি অর্থ বিভাগের ওয়েবসাইটে (www.mof.gov.bd) এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটের (www.mopa.gov.bd) নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

সংযুক্তিঃ

(১) নির্ধারিত ফরমে



২৮-০৪-২০২৬

মো: মাহবুবুল আলম

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৫৫১০১৩১৪

ইমেইল : trainingsection.fd2@gmail.com

m

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):


- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৩। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সিএজি কার্যালয়, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।
- ৪। সিনিয়র সচিব/সচিব (সকল)।
- ৫। হিসাব মহানিয়ন্ত্রক, সিজিএ কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৭। জেলা প্রশাসক (সকল)।

স্মারক নম্বর: ০৭.০০.০০০০.০০০.১৯০.২৫.০০০৫.২৬.১৭৭/১ (৬)

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২৮ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, ইনস্টিটিউট অব পাবলিক ফাইন্যান্স বাংলাদেশ (আইপিএফ), অর্থ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব, প্রশাসন ও পরিকল্পনা, অর্থ বিভাগ।
- ৩। উপসচিব, প্রশাসন অধিশাখা-২, অর্থ বিভাগ।
- ৪। একান্ত সচিব (উপসচিব), সচিবের দপ্তর, অর্থ বিভাগ।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (পত্রটি জনপ্রশাসন মন্ত্রণালয়ে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, অর্থ বিভাগ (পত্রটি অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



২৮-০৪-২০২৬

মো: মাহবুবুল আলম

সিনিয়র সহকারী সচিব